কানাইঘাট বোরহান উদ্দিন বাজারে সাউথইস্ট ব্যাংকের গ্রাহকদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত

চেম্বার প্রতিবেদক:: সিলেটের কানাইঘাট উপজেলায় সাউথইস্ট ব্যাংক পিএলসি,বোরহান উদ্দিন বাজার আইউলেট শাখার উদ্যোগে গ্রাহকদের আর্থিক সচেতনতা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (১৭ জুলাই) বিকেলে ব্যাংকের হল রুমে এ সভা অনুষ্ঠিত হয়।

আলেমেদ্বীন মাওলানা কামাল আহমদের সভাপতিত্বে ও আউটলেট শাখার ইনচার্জ এমাদুর রহমানের সঞ্চালনায় এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৮ নং ঝিংগাবাড়ী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মাস্টার রফিক আহমদ চৌধুরী। প্রধান বক্তা ছিলেন সাউথইস্ট ব্যাংক পিএলসির ভাইস প্রেসিডেন্ট ও এজেন্ট ব্যাংকিং ডিভিশনের প্রধান সাজ্জাদুল কবির।
বিশেষ অতিথি ছিলেন সাউথইস্ট ব্যাংক সিলেট বন্দর বাজার শাখা ব্যবস্থাপক এইচ এম হাবিবুর রহমান চৌধুরী,
চারখাই সাউথইস্ট ব্যাংকের ব্যবস্থাপক নাছিম আহমদ,
ব্যাংকের এজেন্ট ব্যাংকিং ডিভিশনের নির্বাহী কর্মকর্তা জহুরুল ইসলাম, কানাইঘাট প্রেসক্লাবের সহ সভাপতি তাওহীদুল ইসলাম, বোরহান উদ্দিন বাজার কমিটির সভাপতি মাওলানা আব্দুর রহমান, সাবেক সেক্রেটারি হাজী নুরুল ইসলাম।

স্বাগত বক্তব্য রাখেন আউটলেট শাখার পাবলিক রিলেশন অফিসার এবাদুর রহমান।

সভায় বক্তারা বলেন, গ্রাহকের আস্থার প্রতীক সাউথইস্ট ব্যাংক স্থানীয় ও বৈদেশিক মুদ্রায় সকল তারল্য সূচকে একটি শীর্ষ স্থানীয় ব্যাংক হিসেবে ৩০ বছর ধরে সুনাম এবং সুখ্যাতি বজায় রেখেছে।

সাউথইস্ট ব্যাংকের প্রতি গ্রাহকের আস্থার ফলশ্রুতিতে আমানত এবং বৈদেশিক বাণিজ্য প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে।
গ্রাহকের কষ্টার্জিত অর্থের নিরাপদ সংস্থান হিসেবে সাউথইস্ট ব্যাংক শতভাগ নিরাপদ ব্যাংক বলে অভিমত ব্যক্ত করা হয়।